রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ২৭, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/২৩ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং-১১০-আইন/২০২৫**।—জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) তফসিল-১ এর ক্রমিক নং ২ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ২ক এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা—

| | |
|---|---|
| "২ক। সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।"; |

(২) তফসিল-১ এর ক্রমিক নং ৯ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং ৯ক এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| “৯ক। | সহকারী হিসাবরক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞান বিষয়সহ ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।”; |

(৩) তফসিল-১ এর ক্রমিক নং ১২ এবং উহার বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“১২। অফিস সহায়ক মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।”; এবং

(৪) তফসিল-৩ এর পর নিম্নরূপ তফসিল-৪ সংযোজিত হইবে, যথাঃ—

তফসিল-৪

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

সহকারী হিসাবরক্ষক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নম্বর | পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | লিখিত পরীক্ষা | বাংলা | ২৫ | ৫০% | ৯০ মিনিট |
| | | ইংরেজি | ২৫ | | |
| | | গণিত | ২০ | | |
| | | সাধারণ জ্ঞান/ প্রাসঙ্গিক টেকনিক্যাল | ২০ | | |
| ২। | মৌখিক পরীক্ষা | - | ১০ | - | - |
| | | সর্বমোট | ১০০ | | |

ব্যাখ্যা।— কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নূরে আলম**

উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd